

স্মারক নং- ৩১.৫৫.৩২২১.০০০.১০.০০১.২৬-৬২৯


তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**অর্পিত সম্পত্তি (ভি.পি.) লিজ প্রদানের গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার নিম্নোক্ত ছকে বর্ণিত গজারিয়া মৌজায় অবস্থিত সরকারের 'ক' তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির (ভি.পি.) ০১ (এক) বছরের জন্য অস্থায়ী লিজ প্রদান করা হবে। লিজ গ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিগণকে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (মূল কপি প্রদর্শন করতে হবে) এবং অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা প্রমানের জন্য নাগরিকত্ব সনদপত্রসহ উপজেলা ভূমি অফিস, ফুলছড়ি, গাইবান্ধা অথবা ইউনিয়ন ভূমি অফিস, চালুয়াবাড়ী, ফুলছড়ি, গাইবান্ধায় যোগাযোগ করার জন্য বলা হলো। ভূমি মন্ত্রণালয়ের গত ০৩/১২/২০১৯ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৬১৯ নং পরিপত্রে পূর্ণ:নির্ধারিত সেলামী প্রদানের মাধ্যমে উল্লিখিত তফসিলভুক্ত অর্পিত সম্পত্তি (ভি.পি.) এর লিজ গ্রহণ করতে হবে এবং লিজ গ্রহণ পরবর্তী সময় হতে লিজের যাবতীয় শর্তাবলি প্রতিপালন করতে হবে। নতুবা লিজ বাতিল করা করা হবে। উল্লেখ্য যে, যদি কোন ব্যক্তি পূর্বে উল্লিখিত তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির লিজ গ্রহণ করে থাকেন এবং তার সপক্ষে পূর্বে পরিশোধিত লিজমানি পরিশোধের ডিসিআর প্রদর্শন করেন তবে তিনি লিজপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে লিজ সম্পূর্ণ বা আংশিক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ক্রমিক নং	অর্পিত সম্পত্তির (ভি.পি.) লিজ কেস দনম্বর	তফসিল বর্ণনা	মন্তব্য
০১।	০১/৮৬-৮৭	মৌজার নাম-গজারিয়া, জেএল নম্বর ৬৮ খতিয়ান নং ১৮-৬৪, দাগ নং ৫১২৪, জমি ১৪ শতক খতিয়ান নং ১৮-৬৪, দাগ নং ৫১৪৫, জমি ৬০ শতক খতিয়ান নং ১৮-৬৪, দাগ নং ৫৩০৭, জমি ৬৩ শতক	অত্র জমি বর্তমানে চর অবস্থায় রয়েছে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন: উপজেলা ভূমি অফিস, ফুলছড়ি, গাইবান্ধা।

  
মোঃ মোস্তাফিজুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলছড়ি, গাইবান্ধা

অনুলিপি: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

০১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, চালুয়াবাড়ী, ফুলছড়ি, গাইবান্ধা (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা করার জন্য এবং তার অফিসের নোটিশ বোর্ডে টাঙ্কিয়ে দেওয়ার জন্য বলা হলো।